# বাংলাদেশ শ্যুটিং স্পোর্ট ফেডারেশন
## BANGLADESH SHOOTING SPORT FEDERATION

BSSF

Shooting Complex, 144 Gulshan Avenue, Gulshan-1, Dhaka-1212, E-mail: shooting.bd@gmail.com, Web: www.bssf.com.bd


বিএসএসএফ/প্রশি-২০৪/ ৮২০
তারিখঃ ১২-০৩-২০২৬

সাধারণ সম্পাদক
............................................ রাইফেল/শ্যুটিং ক্লাব
............................................

**বিষয়ঃ ২৮তম আন্তঃক্লাব শ্যুটিং প্রতিযোগিতা-২০২৬।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শ্যুটিং স্পোর্ট ফেডারেশনের ব্যবস্থাপনায় আগামী ০৮-১১ এপ্রিল, ২০২৬ পর্যন্ত ২৮তম আন্তঃক্লাব শ্যুটিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় বাংলাদেশ শ্যুটিং স্পোর্ট ফেডারেশনের এফিলিয়েটেড সকল রাইফেল/শ্যুটিং ক্লাবের অংশগ্রহণ ফেডারেশনের গঠনতন্ত্রের ১৮.৪ ধারা অনুযায়ী বাধ্যতামূলক।

২। **এন্ট্রিঃ** "বাংলাদেশ শ্যুটিং স্পোর্ট ফেডারেশন"এর অনুকূলে ক্লাব প্রতি ৫০০/- (পাঁচশত) টাকার এন্ট্রিফিসহ সংযুক্ত ফরম মোতাবেক অংশগ্রহণকারী শ্যুটারদের ০১ (এক) কপি ছবিসহ নামের তালিকা (বিএসএসএফ আইডি ব্যাতিত) আগামী ০২-০৪-২০২৬ তারিখের মধ্যে ফেডারেশনে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো। উল্লেখিত তারিখের পরে এন্ট্রি গ্রহণ করা হবে না। এন্ট্রি ফরম বিএসএসএফ এর ই-মেইল ঠিকানা: shooting.bd@gmail.com পাঠানো যাবে।

৩। **অনুষ্ঠানসূচীঃ**

| | | |
|---|---|---|
| ০৮ এপ্রিল-২০২৬ | : | উদ্বোধনী অনুষ্ঠান, রেজিস্ট্রেশন, রিপোর্টিং ও অনুশীলন |
| ০৯-১১ এপ্রিল-২০২৬ | : | প্রতিযোগিতা |
| ১১ এপ্রিল-২০২৬ | : | পুরস্কার বিতরণী, সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজ |

৪। **আপ্যায়নঃ** শুধুমাত্র এন্ট্রি প্রদানকৃত উপস্থিত শ্যুটার এবং একজন অফিসিয়াল/টিম ম্যানেজারকে সকাল, দুপুর ও রাতের খাবার কুপনের মাধ্যমে ০৭ এপ্রিল রাত থেকে ১২ এপ্রিল, ২০২৬ তারিখ সকাল পর্যন্ত সরবরাহ করা হবে।

**প্রতিযোগিতার ইভেন্ট সমূহঃ**

ক। .২২ বোর রাইফেল ওপেনসাইট: ১০×৩=৩০শট (নিলিং-প্রোন-ষ্ট্যান্ডিং)
খ। .১৭৭ এয়ার রাইফেল ওপেন সাইট: ৩০শট
গ। .১৭৭ ম্যাচ এয়ার রাইফেল (ঐচ্ছিক): পুরুষ ও মহিলা-৩০শট (টার্কিস ম্যাচ রাইফেল ব্যবহার করা যাবে না)।
ঘ। .১৭৭ এয়ার পিস্তল (ঐচ্ছিক): পুরুষ ও মহিলা-৩০শট

৫। **অস্ত্র, গুলি ও টার্গেট পেপারঃ** ক্লাব সমূহ অনুশীলনের জন্য নিজস্ব গুলি ও টার্গেট পেপার ব্যবহার করবে। তবে ফেডারেশন প্রতিযোগিতার প্রয়োজনীয় গুলি ও টার্গেট পেপার সরবরাহ করবে।

৬। **সম্মানীঃ** অংশগ্রহণকারী ক্লাব সমূহের পূর্ণাঙ্গ টিমের টাকা দুরত্ব ভেদে নির্ধারন করে প্রদান করা হবে।

৭। কোন ক্লাব যদি একনাগাড়ে তিন বছর আন্তঃক্লাব শ্যুটিং প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ব্যর্থ হয় তবে ফেডারেশনের গঠনতন্ত্রের উপানুচ্ছেদ ১৮.৪ মোতাবেক তাদের এফিলিয়েশন সাময়িক/স্থায়ী ভাবে বাতিল যোগ্য।

বাংলাদেশ শ্যূটিং স্পোর্ট ফেডারেশন
BANGLADESH SHOOTING SPORT FEDERATION
BSSF
Shooting Complex, 144 Gulshan Avenue, Gulshan-1, Dhaka-1212, E-mail: shooting.bd@gmail.com, Web: www.bssf.com.bd



৮। **আবাসনঃ** আবাসনের স্বল্পতা হেতু ঢাকার ভিতরে অবস্থিত ক্লাব এবং সার্ভিস ক্লাব ব্যাতিত বাহিরের ক্লাবের উপস্থিত শ্যূটার ও টিম অফিসিয়ালদের জন্য ০৬ এপ্রিল ২০২৬ তারিখ থেকে কিছু আবাসনের ব্যবস্থা থাকবে।

শ্যূটিং ক্রীড়ার সম্প্রসারণ, উন্নয়ন এবং বহুল পরিচিতির জন্য আন্তঃক্লাব শ্যূটিং প্রতিযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম, তাই সকল রাইফেল/শ্যূটিং ক্লাবকে উক্ত প্রতিযোগিতায় সক্রিয় ভাবে অংশগ্রহণের মাধ্যমে সফল করে তোলার জন্য সকলের আন্তরিক সহযোগিতা বিশেষভাবে প্রত্যাশিত।

ধন্যবাদান্তে

ফেরদৌস আরা খানম
সাধারণ সম্পাদক

সংযুক্তঃ

১। এন্ট্রি ফরম- ১ পাতা।
২। আন্তঃক্লাব শ্যূটিং প্রতিযোগিতার নীতিমালা-১ পাতা।

# বাংলাদেশ শ্যুটিং স্পোর্ট ফেডারেশন

## আন্তঃক্লাব শ্যুটিং প্রতিযোগিতার নীতিমালা

তারিখঃ ১২-০৩-২০২৬

১। প্রতি ক্লাব হইতে .২২ বোর ওপেন সাইট রাইফেলে দুইজন এবং .১৭৭ বোর ওপেন সাইট এয়ার রাইফেলে দুইজন মোট চারজন এথলেট নিয়ে দল গঠিত হইবে। ৩জন অ্যাথলেট এর বয়স অনুর্ধ ২৫ বৎসরের মধ্যে হইতে হইবে। দলে একজন মহিলা অ্যাথলেট এবং একজন অনুর্ধ ১৬ বৎসরের যুবক বাধ্যতামূলক।

২। **আন্তঃক্লাব শ্যুটিং প্রতিযোগিতার ইভেন্ট সমূহঃ**

ক। .১৭৭ ওপেন সাইট এয়ার রাইফেল- ৩০শট

খ। .২২ রাইফেল ওপেন সাইট- ৩০শট (নিলিং-১০, প্রোন-১০, ষ্ট্যান্ডি-১০)।

গ। .১৭৭ ম্যাচ এয়ার রাইফেল (ঐচ্ছিক) পুরুষ ও মহিলা-৩০শট

ঘ। .১৭৭ ম্যাচ এয়ার পিস্তল (ঐচ্ছিক) পুরুষ ও মহিলা-৩০শট

৩। বাংলাদেশ শ্যুটিং স্পোর্ট ফেডারেশন কর্তৃক আয়োজিত জাতীয় শ্যুটিং প্রতিযোগিতা, এয়ারগান চ্যাম্পিয়নশীপ, বাংলাদেশ গেমস ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী এবং আন্তঃক্লাব প্রতিযোগিতায় ১ম স্থান অধিকারী এথলেট আন্তঃক্লাব শ্যুটিং প্রতিযোগিতায় অংশগ্রহনের অযোগ্য বিবেচিত হবে।

৪। যেসকল এথলেট আন্তঃক্লাব শ্যুটিং প্রতিযোগিতায় .২২ বোর ওপেন সাইট রাইফেল/.১৭৭ এয়ার রাইফেল ব্যক্তিগত ইভেন্টে প্রথম স্থান অধিকার করিবে তাহারা পরবর্তীতে আন্তঃক্লাব শ্যুটিং প্রতিযোগিতায় অংশগ্রহণ করিতে পারিবেনা।

৫। ওপেন সাইট এয়ার রাইফেল ও .২২ রাইফেল ইভেন্টে ১ম স্থান অধিকারী শ্যুটারগণ পরবর্তীতে আন্তঃক্লাব শ্যুটিং প্রতিযোগিতায় ম্যাচ এয়ার রাইফেল/এয়ার পিস্তল ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে। ৪টি আন্তঃক্লাব শ্যুটিং প্রতিযোগিতায় অংশগ্রহণকারী অ্যাথলেটগণ পরবর্তীতে ম্যাচ এয়ার রাইফেল ব্যাতিত আন্তঃক্লাব শ্যুটিং প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেনা।

৬। .১৭৭ ম্যাচ এয়ার রাইফেল ও এয়ার পিস্তল (ঐচ্ছিক) প্রতিযোগিতায় পুরুষ এবং মহিলাদের ভিন্ন ভিন্ন প্রতিযোগিতা অনুষ্ঠিত হইবে। প্রতি ক্লাব হইতে একজন পুরুষ ও একজন মহিলা অ্যাথলেট অংশগ্রহণ করতে পারবে। এই ক্ষেত্রে ৩নং অনুচ্ছেদে বর্ণিত শর্ত কার্যকর থাকবে।

৭। ম্যাচ এয়ার রাইফেলে ও এয়ার পিস্তল ইভেন্টে ১ম ও ২য় স্থান অধিকারী অ্যাথলেট পরবর্তীতে আন্তঃক্লাব শ্যুটিং প্রতিযোগিতার কোন ইভেন্টেই অংশগ্রহণ করতে পারবেনা।

৮। প্রতি ক্লাব হতে ওপেন সাইটে ৪জন, ম্যাচ এয়ার রাইফেলে ২জন (পুরুষ ও মহিলা), এয়ার পিস্তলে ২ জন (পুরুষ ও মহিলা) এবং টিম ম্যানেজার কাম কোচ ১জন সহ সর্বোচ্চ ৯ (নয়) জন অংশগ্রহণ করতে পারবে।

৯। অ্যাথলেটদের বয়স প্রমানের জন্য ডিজিটাল জন্ম সনদ/ জাতীয় পরিচয়পত্রের মধ্যে যেকোন একটি দাখিল করতে হবে।

১০। প্রতিযোগিতার কমপক্ষে ৭দিন পূর্বে এন্ট্রি প্রেরণ করতে হবে। তবে এন্ট্রি প্রদানকৃত অ্যাথলেটদের মধ্যে ২৪ ঘন্টা পূর্বে ইভেন্ট পরিবর্তন করা যাবে।

১১। অ্যাথলেটদের ছবিসহ আইডি প্রথা চালু করা হবে। পুরাতন অ্যাথলেটদের অংশগ্রহণের ক্ষেত্রে আইডি নম্বর উল্লেখ করতে হবে এবং নতুনদের ক্ষেত্রে "নতুন" উল্লেখ করতে হবে। ফেডারেশন সকল অ্যাথলেটদের আইডি নম্বর প্রদান করবে।

১২। আন্তঃক্লাব শ্যুটিং প্রতিযোগিতায় একজন শ্যুটার একের অধিক ইভেন্টে অংশগ্রহণ করতে পারবেনা।

১৩। আন্তঃক্লাব শ্যুটিং প্রতিযোগিতার ওপেন সাইট ইভেন্টের ৪ (চার) জন শ্যুটারের প্রতিযোগিতার ফলাফল যোগফলের ভিত্তিতে চ্যাম্পিয়ন ও রানারআপ নির্ধারিত হবে।

(ফেরদৌস আরা খানম)
সাধারণ সম্পাদক

**BANGLADESH SHOOTING SPORT FEDERATION**
**28th Inter Club Shooting Competition**
**08-11 April-2026**
**Shooting Complex, Gulshan, Dhaka.**

| **FINAL ENTRY FORM** | Please Return By: 02 April-2026 |
|---|---|
| Name of Club: | |
| Team Manager/Coach | |

## EVENT

**.22 Rifle Open Sight**

| Sl. No | Name of Athlete | BSSF ID NO | Date of Birth | Arms Number |
|---|---|---|---|---|
| 1. | | | | |
| 2. | | | | |

**.177 Air Rifle Open Sight**

| Sl. No | Name of Athlete | BSSF ID NO | Date of Birth | Arms Number |
|---|---|---|---|---|
| 1. | | | | |
| 2. | | | | |

**.177 Match Air Rifle (Optional) Men & Women**

| Sl. No | Name of Athlete | | BSSF ID NO | Date of Birth | Arms Number |
|---|---|---|---|---|---|
| 1. | Men | | | | |
| 2. | Women | | | | |

**.177 Air Pistol Match (Optional) Men & Women**

| Sl. No | Name of Athlete | | BSSF ID NO | Date of Birth | Arms Number |
|---|---|---|---|---|---|
| 1. | Men | | | | |
| 2 | Women | | | | |

- সকল অ্যাথলেটের বয়স প্রমান স্বরুপ সার্টিফিকেটের কপি সংযুক্ত করতে হবে।
- এক্রিডিটেশন কার্ড তৈরীর জন্য সকল অ্যাথলেট এবং কর্মকর্তাদের নাম ইংরেজীতে প্রেরণ করতে হবে।
- সকল অ্যাথলেট ও কর্মকর্তাদের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি (পিছনে নাম লেখা সহ) প্রেরণ করতে হবে।

তারিখঃ.............................

ক্লাব কর্মকর্তার স্বাক্ষর ও সীল